অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/12/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের প্রতিরক্ষা বাহিনীর অসাধারণ দায়িত্ব পালনের স্বীকৃতি প্রদান করলেন

প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের মধ্যে চারজন ব্যক্তি, দুইটি দলকে সাইটেশন প্রদান করা হয়েছে

নিউ ইয়র্কের ন্যাশনাল গার্ড গত বছরের নিয়োগ ও ধরে রাখার ক্ষেত্রে দেশের শীর্ষে ছিলো

গভর্নর ক্যাথি হোকল আজকে প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের মধ্যে চারজন ব্যক্তি এবং দুইটি দলকে তাদের মিশন সম্পূর্ণ করা এবং বিশ্বে আমাদের স্টেট এবং দেশের প্রতিনিধিত্ব করার ক্ষেত্রে প্রত্যাশাতীত কাজ করার জন্য সাইটেশন প্রদান করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের প্রতিরক্ষা বাহিনীর অসাধারণ দায়িত্ব পালনের স্বীকৃতি প্রদান করেছেন। নিউ ইয়র্কের ন্যাশনাল গার্ডের (New York National Guard, NYNG) সহকারী অ্যাডজুটেন্ট জেনারেল, মেজর জেনারেল মাইকেল নাটালি আগামীকালের অনুষ্ঠানে গভর্নর হোকলের সাথে যোগদান করেছেন।

"নিউ ইয়র্ক স্টেটের প্রতিরক্ষা বাহিনী দায়িত্ব পালন এবং অসাধারণত্বের জন্য সারা বিশ্বে আদর্শ," **গভর্নর হোকল বলেন।** "এইসব ব্যক্তি ও সংগঠনকে তাদের সেবার অসাধারণত্বের জন্য স্বীকৃতি প্রদান করার মাধ্যমে আমরা নিউ ইয়র্কবাসীকে সুরক্ষার ব্যাপারে তাদের নিষ্ঠাকে উত্থিত করছি, এবং নিজেরাও সেই একই কাজ করার প্রতিশ্রুতি গ্রহণ করছি।"

গত বছর নিউ ইয়র্কের ন্যাশনাল গার্ড চাকরিতে নিয়োগ ও ধরে রাখার ব্যাপারে দেশের শীর্ষে ছিলো, এবং ফেডারেল সরকার নিউ ইয়র্কের ন্যাশনাল গার্ডকে "শক্তির স্বাস্থ্যের" জন্য শীর্ষ অবস্থানে স্থাপন করেছে। সম্প্রতি, নিউ ইয়র্কের ন্যাশনাল গার্ডের কর্মীরা চরম আবহাওয়া ইভেন্টে সাড়াদান করতে সাহায্য করেছে, আশ্রয় সন্ধানীদের সংস্থান সমর্থন প্রদান করেছে, এবং জননিরাপত্তা প্রয়াসে সমর্থন করার জন্য নিউ ইয়র্ক সিটির সাবওয়ে সিস্টেমে তাদের মোতায়েন করা হয়। 11 সেপ্টেম্বর, 2001 এর সন্ত্রাসবাদী হামলার পর যৌথ টাস্ক ফোর্স-এম্পায়ার শিল্ড (Joint Task Force-Empire Shield, JTF-ES) গঠন করা হয়, এবং তারা নিউ ইয়র্ক সিটির সামরিক প্রতিরক্ষার জন্য আংশিকভাবে দায়িত্বপ্রাপ্ত নিরাপত্তা বাহিনী হিসেবে কাজ করে। প্রতিদিন যৌথ টাস্ক ফোর্স-এম্পায়ার শিল্ড সাবওয়ে সিস্টেমসহ মুখ্য পরিবহন

কেন্দ্র ও নেটওয়ার্ককে সুরক্ষিত রাখতে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সহায়তা করছে। সন্ত্রাসবাদী হামলার সাড়াদান করা নিউ ইয়র্কের প্রতিরক্ষা বাহিনীর প্রায় 100 জন সদস্য এখনো দায়িত্বরত রয়েছে।

গভর্নর যাদেরকে সাইটেশন প্রদান করেছেন: কর্পোরাল প্যাট্রিসিও রুবিলার, নিউ ইয়র্কের নৌ মিলিশিয়া (NY Naval Militia); সার্জেন্ট ব্রায়ান স্যালসেডো, নিউ ইয়র্কের নৌ মিলিশিয়া; এবং সার্জেন্ট ডিস্যানি জ্যাকেস, নিউ ইয়র্ক সেনাবাহিনীর ন্যাশনাল গার্ড (New York Army National Guard, NYARNG) এবং SSG জোয়েল স্ট্রিকল্যান্ড, নিউ ইয়র্ক সেনাবাহিনীর ন্যাশনাল গার্ড।

সাইটেশনের প্রাপক:

কর্পোরাল প্যাট্রিসিও রুবিলার, নিউ ইয়র্কের নৌ মিলিশিয়া: 12 জুন, 2024 তারিখে বেলেরোজ ইনে নিযুক্ত থাকা অবস্থায়, কর্পোরাল রুবিলারকে একজন আশ্রয়সন্ধানী প্যারেন্ট জানায় যে তার ছয় বছরের শিশুর দম বন্ধ হয়ে যাচ্ছে। কর্পোরাল রুবিলার অবিলম্বে সেই কক্ষে সাড়াদান করেন যেখানে তিনি দেখেন যে ছয় বছরের একটি শিশু একটি বস্তু গিলে ফেলে তার শ্বাসরোধ হয়ে আসছে। কোনো দ্বিধা না করে কর্পোরাল রুবিলার হাইমলিখ কৌশল ব্যবহার করে রুদ্ধ শ্বাসনালী পরিষ্কার করেন, যার ফলে ছয় বছরের জীবন রক্ষা পায়।

- **সার্জেন্ট ব্রায়ান স্যালসেডো, নিউ ইয়র্কের নৌ মিলিশিয়া:** 28 জুন, 2024 তারিখে সুপারলেক হোটেলে নিযুক্ত থাকা অবস্থায় সার্জেন্ট স্যালসেডো একজন মা ও শিশুর জন্য সাড়াদান করেন যখন শিশুটির শ্বাস বা সাড়া দান করা বন্ধ হয়ে যায়।সার্জেন্ট স্যালসেডো অবিলম্বে শিশুর উপর হাইমলিখ কৌশল প্রয়োগ করেন, যে কাশি দিয়ে একটি ডাইম পয়সা বের করে ফেলে এবং কান্না শুরু করে।শিশুকে তার মায়ের কাছে ফেরত দেওয়া হয় এবং আর কোনো মেডিকেল সেবার প্রয়োজন হয়নি।
- **SSG জোয়েল স্ট্রিকল্যান্ড, NYARNG এবং সার্জেন্ট ডিস্যানি জ্যাকেস, NYARNG:** 20 মে, 2024 তারিখে SSG জোয়েল স্ট্রিকল্যান্ড এবং সার্জেন্ট ডিস্যানি জ্যাকেস কুইন্স সাবওয়ে স্টেশনে ছুরিকাঘাতে আহত হওয়া এক ব্যক্তির জীবন রক্ষা করেন। তারা তাদের মেডিকেল দক্ষতা এবং ট্রমা কিট ব্যবহার করে রক্ত পড়া বন্ধ করেন এবং ভিকটিমকে স্থিতিশীল করেন। ন্যাশনাল গার্ডের সদস্যরা সাটফিন ব্যুলেভার্ড এবং আর্চার স্ট্রিট সাবওয়ে স্টেশনের চেকপয়েন্ট সাইটে দায়িত্ব পালন করছিলেন। তারা যৌথ টাস্ক ফোর্স-এম্পায়ার শিল্ডের একটি অংশ, যা নিজেদের বার্ষিক প্রশিক্ষণ ও ড্রিল সময়কাল সম্পাদনের সময় স্টেটের সক্রিয় দায়িত্ব পালন করা 780 জন সৈনিক ও বৈমানিক নিয়ে গঠিত। তারা সিটির ট্রেন এবং সাবওয়ে স্টেশনে এবং বিমানবন্দর ও ব্রিজে নিরাপত্তা প্রদান করে।
- **যৌথ টাস্ক ফোর্স-এম্পায়ার শিল্ডের পক্ষে কর্নেল জেফ্রি রথ:** কর্নেল জেফ্রি রথ যৌথ টাস্ক ফোর্স-এম্পায়ার শিল্ডের কমান্ডার হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বর্তমানে নিউ ইয়র্ক সিটির ভেটেরান পরিষেবা বিভাগের (New York City Department of Veterans Services) ডেপুটি কমিশনার হিসেবে তার বেসামরিক চাকরি থেকে ছুটিতে

আছেন। এর পূর্বে তাকে মধ্যপ্রাচ্যে ডিপ্লয় করা হয় এবং তিনি তার দায়িত্বের একাধিক পুরস্কার পেয়েছেন।

- **106 তম উদ্ধার উইংয়ের পক্ষে কর্নেল গ্লেন ওয়্যার:** কর্নেল গ্লেন ওয়্যার 2021 সালের মে মাস থেকে 106 তম মিশন সমর্থন দলের কমান্ডার হিসেবে কাজ করছেন। ওয়্যার ইরাক এবং আফগানিস্তানে দায়িত্ব পালন করেছেন এবং তাকে এক ডজনের বেশিবার ডিপ্লয় করা হয়েছে। এছাড়াও তিনি হারিকেন ও অন্যান্য উদ্ধার মিশনের সময় অভ্যন্তরীণ মিশনকে সমর্থন করেছেন এবং একই সাথে অতি সম্প্রতি তিনি মানুষের মহাকাশ উড্ডয়নে আমাদের ফেরাতে ব্যবহৃত পরীক্ষার পদ্ধতি, কৌশল, প্রক্রিয়া এবং উদ্ধার সরঞ্জামের ব্যাপারে জাতীয় অ্যারোনেটিক্স ও মহাশূন্য প্রশাসনকে (National Aeronautics and Space Administration, NASA) সমর্থন করেছেন।

<u>নিউ ইয়র্ক স্টেটের প্রতিরক্ষা বাহিনী সম্পর্কে</u>

- **যৌথ টাস্ক ফোর্স-এম্পায়ার শিল্ড:** 11 সেপ্টেম্বর, 2001 তারিখের সন্ত্রাসবাদী হামলার সাড়াদানে নিউ ইয়র্ক সিটিকে ভবিষ্যতের আক্রমণ থেকে সুরক্ষিত রাখতে যৌথ টাস্ক ফোর্স-এম্পায়ার শিল্ড গঠন করা হয়। যৌথ টাস্ক ফোর্স-এম্পায়ার শিল্ড হলো স্টেটের স্থায়ী সামরিক সংগঠন যা নিউ ইয়র্ক সিটির সকল এলাকাজুড়ে নাগরিক কর্তৃপক্ষের মিশনের জন্য পরিকল্পনা ও প্রস্তুতি গ্রহণ করে। প্রতিদিন যৌথ টাস্ক ফোর্স-এম্পায়ার শিল্ড সাবওয়ে সিস্টেমসহ মুখ্য পরিবহন কেন্দ্র ও নেটওয়ার্ককে সুরক্ষিত রাখতে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সহায়তা করছে। ইউনিটের কমান্ড পরিচালনা করেন একজন কর্নেল এবং সেনাবাহিনী ও এয়ার ন্যাশনাল গার্ডের কর্মী এবং একই সাথে নিউ ইয়র্কের নৌ মিলিশিয়া এবং নিউ ইয়র্ক গার্ডের কর্মীদের নিয়ে যৌথভাবে এটি গঠিত হয়। অ্যাডজুটেন্ট জেনারেলের মাধ্যমে গভর্নর টাস্ক ফোর্সকে নিয়োগ করেন। স্টেট এবং নিউ ইয়র্কের ন্যাশনাল গার্ড ইউনিটের সংস্থান প্রদান করে ও বজায় রাখে যাতে তারা স্বদেশ নিরাপত্তা মিশনের জন্য ন্যাশনাল গার্ড সদস্যদের একটি দ্রুত সাড়াদান বাহিনীর দ্বারা স্টেট ও সিটির জরুরি ব্যবস্থাপনা ও আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্মকর্তাদের সমর্থন করতে পারে। 2023 সালের শেষের দিকে মুখ্য পরিবহন কেন্দ্রসমূহে স্থানীয়, স্টেট, এবং ফেডারেল আইন শৃঙ্খলা সত্তাদের সাহায্য করার মিশনে 707 জন কর্মীকে নিযুক্ত করা হয়। বর্তমানে, 23 বছর পূর্বে সন্ত্রাসবাদী হামলায় সাড়াদান করা ব্যক্তিদের মধ্যে প্রায় 100 জন NYNG সদস্য এখনো দায়িত্বরত রয়েছে।
- **106 তম উদ্ধার উইং:** উইংয়ের ইতিহাস দ্বিতীয় বিশ্বযুদ্ধ পর্যন্ত বিস্তৃত যখন তারা ইউরোপের ফ্যাসিবাদের বিরুদ্ধে লড়াইয়ে বম্বার উড়িয়েছিলো। তারা নিয়মিত বিপদের মধ্যে উড়ে যেতো এবং চরম আবহাওয়া ইভেন্টের সময় আকাশপথের উদ্ধারকাজ করতো। গত বছর তারা হারিয়ে যাওয়া টাইটান সাবমার্সিবলের অনুসন্ধানে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। পাশাপাশি, 11 সেপ্টেম্বর, 2001 তারিখে ডাউনটাউন নিউ ইয়র্ক সিটির ঘটনাস্থলে উপস্থিত প্রথম এয়ার ন্যাশনাল গার্ড ছিলো 106তম উদ্ধার উইং।

নিউ ইয়র্ক স্টেটের অ্যাডজুটেন্ট জেনারেল রেমন্ড শিল্ডস বলেন, "নিউ ইয়র্কের ন্যাশনাল গার্ড এবং নিউ ইয়র্কের নৌ মিলিশিয়ার নারী পুরুষকে, এবং আমাদের মতো নিউ ইয়র্কবাসীদের সহায়তা করতে এবং মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষায় প্রতিদিন তাদের প্রয়াসের স্বীকৃতিদানের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। আমাদের স্টেট এবং দেশ এবং পুরো স্টেটের আমাদের বসবাসের সম্প্রদায়সমূহের মানুষের জন্য সেবাদান করতে পেরে আমরা গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেটের সহকারী অ্যাডজুটেন্ট জেনারেল মাইকেল নাটালি বলেন, "নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের নাগরিক সৈনিক ও বৈমানিকগণ ডাক আসলে স্টেট ও দেশকে সুরক্ষিত রাখার আমাদের 350 বছরের ইতিহাস নিয়ে গর্ব করে। ন্যাশনাল গার্ডের সদস্য, এবং নিউ ইয়র্কের নৌ মিলিশিয়া হলো আমাদের স্টেটের সম্প্রদায়সমূহের অংশ এবং প্রয়োজনের সময় আমাদের বন্ধু ও প্রতিবেশীদের সেবাদান করতে পেরে আমরা সম্মানিত হয়েছি। সেই সেবাকে স্বীকৃতি দিতে সময় দেওয়ার জন্য গভর্নর হোকলকে আমি ধন্যবাদ জানাতে চাই।"

স্টেটের সিনেটর কর্ডেল ক্লিয়ার বলেন, "আমি খুশি যে গভর্নর হোকল ন্যাশনাল গার্ডকে স্বীকৃতি দিয়েছেন। এই দুইজন অফিসার হলেন তাদের সাহসিকতা ও নিঃস্বার্থতার প্রধান উদাহরণ। ন্যাশনাল গার্ডকে আমরা সর্বোচ্চ মর্যাদা দিয়ে থাকি। আমাদের সদস্যদের সেবা ও নিবেদনের জন্য আমরা তাদের ধন্যবাদ জানাচ্ছি। তারা যেই দৃশ্যমান এবং অদৃশ্য কাজ করে থাকে তা নিউ ইয়র্ক স্টেটে আমাদের প্রতিদিন সুরক্ষা দান করে।"

অ্যাসেম্বলির সদস্য কিম্বার্লি জন পিয়ের বলেন, "ভেটেরান্স অ্যাফেয়ার্স কমিটির প্রধান হিসেবে, নিউ ইয়র্কের প্রতিরক্ষা বাহিনীর অসাধারণ সাহস ও নিবেদনের সম্মান জানাতে গভর্নর হোকলের পাশে দাঁড়াতে পেরে আমি সম্মানিত বোধ করছি। আজকে আমরা যে ব্যক্তি এবং দলগুলিকে স্বীকৃতি প্রদান করেছি তারা আমাদের সম্প্রদায়কে সুরক্ষিত রাখতে অসাধারণ অঙ্গীকার প্রদর্শন করেছে। তাদের নিঃস্বার্থ কাজ দৃঢ়ভাবে স্মরণ করিয়ে দেয় যে প্রত্যেক নিউ ইয়র্ক বাসীর নিরাপত্তা ও সুস্থতা নিশ্চিত করতে আমরা তাদের উপর কতটা নির্ভর করি। কর্পোরাল প্যাট্রিসিও রুবিলার এবং ব্রায়ান স্যালসেডোর জীবন রক্ষাকারী বীরত্ব থেকে শুরু করে SSG জোয়েল স্ট্রিকল্যান্ড এবং সার্জেন্ট ডিস্যানি জ্যাকেসের দ্রুত ও সিদ্ধান্ত, এবং কর্নেল জেফ্রি রথ এবং কর্নেল গ্লিন ওয়্যারের অবিচল নেতৃত্ব পর্যন্ত, এগুলি হলো আমাদের র্যাঙ্কের প্রতিদিনের সাহসিকতা ও নিবেদনের কয়েকটি উজ্জ্বল উদাহরণমাত্র। যৌথ টাস্ক ফোর্স-এম্পায়ার শিল্ড এবং 106তম উদ্ধার উইংয়ের নারী ও পুরুষেরা প্রত্যাশাতীতভাবে তাদের দায়িত্ব পালন করে এবং তাদের আত্মত্যাগকে অগ্রাহ্য করা হবে না। আমাদের স্টেট এবং আমাদের দেশ উভয়ের প্রতি তাদের অটুট নিবেদনের জন্য আমাদের গভীরতম কৃতজ্ঞতা তাদের প্রত্যেকের প্রাপ্য।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন